যুগান্তর

26 JUL 2005

জাতীয় বিশ্ববিদ্যালয়

বিভিন্ন গ্রুপের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন ভিসি ওয়াকিল আহমদ

যুগান্তর রিপোর্ট

গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিবেশ ছিল শান্ত। ক্যাম্পাসে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে মোতায়েন ছিল বিপুলসংখ্যক পুলিশ। তবে বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে সব ধরনের ষড়যন্ত্র এবং পরিবেশ শান্ত রাখার ব্যাপারে বিভিন্ন গ্রুপের কর্মকর্তা-কর্মচারীরা ভিসির সঙ্গে পৃথক বৈঠক করেছেন বলে ক্যাম্পাস সূত্র জানা যায়।

সূত্র জানায়, গতকাল বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. ওয়াকিল আহমদ নিজ দফতরে কিছু সময় কাটিয়ে পরীক্ষা নিয়ন্ত্রকের দফতরসহ বিভিন্ন দফতর পরিদর্শন করেন। এ সময় প্রো-ভিসি অধ্যাপক আমিনুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক

বৈঠক : পৃষ্ঠা ৭ : কলাম ৫

বৈঠক : কর্মকর্তা

(শেষ পৃষ্ঠার পর)

সৈয়দ আবুল কালাম আজাদ, প্রক্টর সাহাব উদ্দিন আহমদ তার সঙ্গে ছিলেন। পরিদর্শনকালে তিনি কর্মকর্তা-কর্মচারীদের সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করার আহ্বান জানান। ক্যাম্পাসে কোন রকম অপ্রীতিকর ঘটনা এড়াতে, সকাল থেকেই বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন করা হয়।

সূত্র জানায়, গতকাল খন্দকার হানিফের নেতৃত্বে একটি দল, জহির হাসানের নেতৃত্বে একটি দল এবং আতাউর রহমানের নেতৃত্বে অপর একটি কর্মকর্তা-কর্মচারীর দল ভিসির সঙ্গে পৃথকভাবে বৈঠক করেছে। তারা সবাই অতীতের বিভিন্ন দুর্নীতি-অনিয়ম নিয়ে কথা বলেছেন এবং বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে সব ধরনের ষড়যন্ত্র মোকাবেলায় ঐক্যবদ্ধভাবে কাজ করবেন বলে ভিসিকে আশ্বস্ত করেন। বৈঠক সূত্রে এসব কথা জানা যায়। সূত্র আরও জানায়, এ গ্রুপগুলোকে ভিসির পরের 'শীর্ষ তিন' কর্মকর্তা পৃষ্ঠপোষকতা করেন। এর মধ্যে দ্বিতীয় শীর্ষ কর্মকর্তার গ্রুপটি বেশি শক্তিশালী।

ভিসি অধ্যাপক ড. ওয়াকিল আহমদ পৃথকভাবে কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে বৈঠকের কথা স্বীকার করে বলেন, এটা বৈঠক নয়, সৌজন্য সাক্ষাৎ। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিষয় নিয়ে আলাপ-আলোচনা হয়েছে বলে তিনি জানান। তিনি বলেন, কোন গ্রুপ নয়, তারা সবাই এই বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারী- এটাই তাদের বড় পরিচয়।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ক্যাম্পাসে বিদ্যমান সব গ্রুপই এখন ভিসির কাছাকাছি এবং তার আস্থাভাজন হওয়ার প্রতিযোগিতায় নেমেছে। এজন্য তারা নানা কৌশল নিয়ে বিভিন্ন অজুহাতে ভিসির সঙ্গে সাক্ষাতের জন্য তার কার্যালয়ে ভিড় জমাচ্ছেন। এজন্য নিজেরা নিজেদের মধ্যে রুদ্ধদ্বার বৈঠকও করছেন। গতকালও বিভিন্ন ভবনে একাধিক রুদ্ধদ্বার বৈঠক হয়েছে বলে সূত্র জানায়।